গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৪.০১৪.০০৪.০২০.২০১৪/**২৬৩** তারিখঃ ২৮/১২/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের নভেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

বিগত ১৩/১২/২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের নভেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০৩ (তিন) পৃষ্ঠা।

২৮/১২/২০১৭
আবদুল্লাহ-আল-মাসুদ
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান,ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা,বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
১৭। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্যঅনুরোধ করা হলো)।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E/P-5/ADP.MINTS.LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শাজাহান খান, এম পি
মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ঃ ১৩/১২/২০১৭ খ্রিঃ
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। মাননীয় মন্ত্রী সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে মন্ত্রণালয়ের সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব মহোদয় বলেন যে, অদ্যকার সভায় ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। অত:পর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৩৫টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ২৮০৬.২৫ কোটি টাকার বিপরীতে নভেম্বর, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৪৯৫.৯৪ কোটি টাকা, যা বরাদ্দের ১৭.৬৭%। উক্ত অগ্রগতি ২০১৭-১৮ অর্থ বছরের নভেম্বর ২০১৭ পর্যন্ত জাতীয় গড় ২০% এর তুলনায় কম। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ২৫টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ২১৫৫.০০ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে জিওবি ১৬৫৫.০০ কোটি এবং প্রকল্প সাহায্য ৫০০.০০ কোটি টাকা। নভেম্বর/২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৪১৭.৯২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২১.৯০%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৬৫১.২৫ কোটি টাকার বিপরীতে নভেম্বর/২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ২৪.০২ কোটি টাকা যা মোট বরাদ্দের ৩.৬৯%।

২.২। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(কোটি টাকায়)

সংস্থার নাম	প্রকল্প সংখ্যা	২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপি বরাদ্দ	জুলাই/১৭ হতে নভেম্বর/১৭ পর্যন্ত ব্যয়	
			মোট	(%)
বিআইডব্লিউটিএ	১১	১০০১.৫৯	৮৭.২২	৮.৭০
বিআইডব্লিউটিসি	৬	৫৭.৯৩	৩.৯৬	৬.৮৩
মংলা বন্দর কর্তৃপক্ষ	৩	৬৯.০১	৭.২০	১০.৪৩
স্থল বন্দর কর্তৃপক্ষ	৫	৯৫.৮৯	১৩.৭৩	১৪.৩১
নৌপম	১	১১৫.২৩	০.০০	০.০০
নৌ পরিবহন অধিদপ্তর	২	৫৬.০০	০.৪০	০.৭১
চবক	৪	২৯০.৬০	১৪.৪১	৪.৯৫
বিএসসি	২	৭২০.০০	৩৬৯.০০	৫১.২৫
পায়রা বন্দর কর্তৃপক্ষ	১	৪০০.০০	০.০০	০.০০
উপমোট: এডিপি বাস্তবায়ন	৩৫	২৮০৬.২৫	৪৯৫.৯৪	১৭.৬৭

৩.০। অত:পর সভায় ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	**প্রকল্পের ২য় ও ৩য় কিস্তির কিস্তির অর্থছাড় ঃ** যে সমস্ত প্রকল্পের ২য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব পাওয়া যায়নি তা অনতিবিলম্বে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও চাহিদার প্রেক্ষিতে ৩য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রকল্পের ৩য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব ১৫ জানুয়ারি/২০১৮ মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ
৩.২	**Fast Track প্রকল্প ঃ** চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত Construction of Bay Multipurpose Terminal শীর্ষক প্রকল্পটি Fast Track প্রকল্পভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ Construction of Bay Multipurpose Terminal শীর্ষক প্রকল্পটি Fast Track প্রকল্পভুক্ত করার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৩.৩	**Work Plan এবং Procurement Plan অনুসরণ করা ঃ** চলমান অর্থ বছরের শুরুতে প্রণীত প্রকল্পসমূহের Work Plan এবং Procurement Plan অনুসরণ করে প্রকল্পের কার্যক্রম তরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণ প্রকল্পের প্রণীত **Work Plan এবং Procurement Plan** প্রতিমাসে মনিটরিং করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ
৩.৪	**দরপত্র আহবানঃ** চলতি অর্থ বছরে উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য যথাযথভাবে দরপত্র প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও বাস্তবায়নের উপর গুরুত্বরোপ করা হয়। সভায় জানুয়ারি/২০১৮ এর মধ্যে সকল দরপত্র আহবান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	কোন কারণ ব্যতীত ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল দরপত্র জানুয়ারি/ ২০১৮ মাসের মধ্যে আহবান করতে হবে।	সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ
৩.৫	**প্রকল্প বাস্তবায়ন পর্যবেক্ষণে মনিটরিং টীম গঠন ঃ** প্রকল্পের কার্যক্রমে গুণগতমান বজায় রাখা এবং নিদিষ্ট সময়ে প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ তাদের নিজস্ব ৪/৫ জন কর্মকর্তাদের সমন্বয়ে মনিটরিং টীম গঠনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। নির্ধারিত মনিটরিং টীম কর্তৃক ০১ মাস অন্তর অন্তর প্রকল্প পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকের নিকট দাখিল করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	বাস্তবায়নকারী সংস্থাসমূহ কর্তৃক মনিটরিং টীম গঠন করতে হবে। নির্ধারিত মনিটরিং টীম কর্তৃক ০১ মাস অন্তর অন্তর প্রকল্প পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকের নিকট দাখিল করতে হবে।	সংস্থা প্রধানগণ এবং মনিটরিং কর্মকর্তাগণ
৩.৬	**নতুন প্রকল্প গ্রহণ ঃ** নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের প্রকৃত চাহিদার ভিত্তিতে নতুন প্রকল্প প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	সংস্থাসমূহ প্রয়োজনীয়তার নিরীখে নতুন প্রকল্প প্রণয়নে প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করবে এবং প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধির জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	সংস্থা প্রধানগণ
৩.৭	**চট্টগ্রাম বন্দরে লাইটার জাহাজের জন্য জেটি নির্মাণ ঃ** চট্টগ্রাম বন্দরে লাইটার জাহাজের জন্য প্রয়োজনীয়তার তুলনায় কম জেটি রয়েছে মর্মে আলোচনা করা হয়। Need Assesment করে নতুন জেটি নির্মাণের প্রেক্ষিতে যে ক্রেনের প্রয়োজন হবে তার পরিমাণের আলোকে নতুন ডিপিপি প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করা হয়।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ Need Assesment করে লাইটার জাহাজের জন্য জেটি নির্মাণসহ প্রয়োজনীয় ক্রেন ও অন্যান্য যন্ত্রপাতি সংগ্রেহের জন্য নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করবে।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ